যুগান্তর

তারিখ ... 03 OCT 2016 ...
পৃষ্ঠা 2 ... কলাম ... 6 ...

বকেয়া বেতনের দাবি

# চার দিন ধরে কর্ম বিরতিতে স্টামফোর্ডের শিক্ষকরা

যুগান্তর রিপোর্ট

বকেয়া বেতনের দাবিতে বেসরকারি স্টামফোর্ড ইউনিভার্সিটির শিক্ষকরা অনির্দিষ্টকালের জন্য ক্লাস বর্জন শুরু করেছেন। বৃহস্পতিবার তাদের এ কর্মসূচি শুরু হয়। শিক্ষকদের এ কর্মসূচিতে বিপাকে পড়েছেন সাধারণ শিক্ষার্থীরা।

অভিযোগ পাওয়া গেছে, আগস্ট থেকে শিক্ষকদের বেতন বন্ধ রয়েছে। পবিত্র ঈদুল আজহার বোনাসও দেয়া হয়নি। শিক্ষকরা জানান, ১৫ সেপ্টেম্বর বকেয়া পরিশোধের কথা ছিল। কর্তৃপক্ষ তা না দিয়ে ২৮ সেপ্টেম্বর পর্যন্ত সময় নেয়। কিন্তু তখনও দেয়নি। এ অবস্থায় ২৯ সেপ্টেম্বর থেকে ক্লাস বর্জন শুরু করেন শিক্ষকরা। আন্দোলন চলাকালে ৩০ সেপ্টেম্বর বিশ্বদ্যালয়ের ধানমণ্ডি ক্যাম্পাসে শিক্ষকরা এক দফা সভা করেন। এরপর শিক্ষকদের পক্ষ থেকে কর্তৃপক্ষের সঙ্গে যোগাযোগ করেও সাড়া মেলেনি বলে নাম না প্রকাশ না করে এক শিক্ষক জানিয়েছেন।

নাঈমুল করীম নামের বিশ্ববিদ্যালয়ের এক অভিভাবক জানান, তার ভাগ্নি ইউনিভার্সিটির সিদ্ধেশ্বরীর মূল ক্যাম্পাসে পড়ে। শিক্ষকদের ক্লাস বর্জনের কারণে ৪ দিন ধরে ক্লাস হচ্ছে না। এ বিষয়ে ইউনিভার্সিটির কারও সঙ্গে কথা বলা সম্ভব হয়নি।